# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd **E-mail:** info@bmeb.gov.bd **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২১১০০৩৪১১/ ৪৪ /বরগুনা-১১৫ তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৮ / ০৯ ডিসেম্বর ২০২১

বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বরগুনা জেলার পাথরঘাটা উপজেলাধীন শিংড়াবুনিয়া উজির আলী দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের বিষয় উল্লেখ পূর্বক জনৈক জনাব মোশারেফ হোসেন খান অভিযোগ দাখিল করেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ( ) পাতা।

০৯.১২.২০২১

মো: সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

০৯.১২.২১

উপজেলা নির্বাহী অফিসার
পাথরঘাটা, বরগুনা।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২১১০০৩৪১১/ ৪৪ /বরগুনা-১১৫ তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৮ / ০৯ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বরগুনা;
২. জেলা শিক্ষা অফিসার, বরগুনা;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাথরঘাটা, বরগুনা;
৪. জনাব মোশারেফ হোসেন খান (অভিযোগকারী), গ্রাম: শিংড়াবুনিয়া, পো: রুপধন, পাথরঘাটা, বরগুনা;
৫. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. পিও টু চেয়ারম্যান/পিএ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

৯/১২/২১

মো: ওমর ফারুক
উপ রেজিষ্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

০৯.১২.২১

F:\Admin - Committee\Belayet\Inquiry.docx

বরাবর
রেজিষ্ট্রার মহোদয়
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশি বাজার, ঢাকা।

বিষয় ঃ একই ব্যক্তি ০৩ (তিন)টি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সভাপতি পদের দায়িত্বে নিয়োজিত থাকা। স্বেচ্ছাচারমূলক কাজে বাধাগ্রস্ত হওয়ায় অগ্রহণযোগ্য উপায়ে মাদ্রাসার সুপার এবং সহকারী সুপারকে উক্ত বিতর্কিত সভাপতি কর্তৃক সাময়িকভাবে বরখাস্ত করা। জুনিয়র একজন শিক্ষককে ভারপ্রাপ্ত সুপার হিসাবে দায়িত্ব দিয়া বিতর্কিত সভাপতির নিয়োগ বাণিজ্য। অভিযোগ তদন্তের আবেদন।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, বরগুনা জেলার পাথরঘাটা উপজেলাস্থ স্থানীয় মোঃ রফিকুল ইসলাম রিপন একই উপজেলার ০৩ (তিন)টি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সভাপতি। শিক্ষা প্রতিষ্ঠান ০৩ (তিন)টি হইতেছে ঃ-
(১) শিংড়াবুনিয়া উজির আলী দাখিল মাদ্রাসা, (২) পুটিমারা নাচনাপাড়া আলিম মাদ্রাসা, (৩) নাচনাপাড়া মানিকখালী মাধ্যমিক বিদ্যালয়। উক্ত মোঃ রফিকুল ইসলাম রিপন এর ০৩ (তিন)টি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সভাপতি হওয়া সরকারী নির্দেশনার পরিপন্থী। এই সম্পর্কে সরকারী নির্দেশনার কপি সংযুক্ত করা হইল। যেহেতু তাহার অগ্রহণযোগ্য কৃতকর্মের জন্য শিংড়াবুনিয়া উজির আলী দাখিল মাদ্রাসা অধিকতর ক্ষতিগ্রস্ত সেইহেতু অত্র মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতির পদ হইতে উক্ত বিতর্কিত মোঃ রফিকুল ইসলাম রিপনকে জনস্বার্থে অপসারণ করা জরুরী এবং প্রয়োজন।

অত্র উপজেলার প্রাক্তন উপজেলা চেয়ারম্যান থাকাকালে মোঃ রফিকুল ইসলাম রিপন ক্ষমতার অপব্যবহার করিয়া কতিপয় শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সভাপতি হইয়া নিয়োগ বাণিজ্য করেন মর্মে তাহার নামে দুর্নীতির বিস্তর অপবাদ হরিয়াছে।

তিনি শিক্ষক-কর্মচারীর নামে নানাহ মিথ্যা বানোয়াট ভিত্তিহীন অভিযোগ আনিয়া সাময়িক বরখাস্ত ও মামলা মোকদ্দমা করিয়া জেল হাজত খাটাইতে বাধ্য করেন।

নাম প্রকাশে অনিচ্ছুক ব্যক্তির নিকট হইতে জানা গিয়াছে যে, নাচনাপাড়া মানিকখালী মাধ্যমিক বিদ্যালয় এর ০২ (দুই)টি শূণ্য পদে নিয়োগের জন্য তিনি ১৪ লক্ষ টাকা উৎকোচ নিয়াছেন।

তাহার প্রভাব প্রতিপত্তি ক্ষমতার দাপট এবং তাহার অনুগত পেটোয়া বাহিনীর ভয়ে স্থানীয় কেহই তাহার বিরুদ্ধে মুখ খুলিতে সাহস পায় না।

নিয়োগ বাণিজ্য করার উদ্দেশ্য নিয়া তিনি শিংড়াবুনিয়া উজির আলী দাখিল মাদ্রাসার সুপার মোঃ আলতাফ হোসেনকে ১৭/০৪/২০১৯ তারিখে এবং একই মাদ্রাসার সহকারী সুপার মোঃ আলমগীর হোসাইনকে ০১/০৬/২০২১ তারিখে অন্যায়ভাবে চাকুরী হইতে সাময়িকভাবে বরখাস্ত করেন। অতঃপর ১৬/০৮/২০১৫ তারিখে যোগদানকারী একজন জুনিয়র শিক্ষক মোঃ মোকাররম হোসাইনকে তাহার নিজ স্বার্থ হাসিলের জন্য ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান করেন। অথচ বিধি বিধান অনুযায়ী উক্ত কনিষ্ঠ শিক্ষক মোঃ মোকাররম হোসাইন ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব পাইতে পারে না।

অত্র শিংড়াবুনিয়া উজির আলী দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির বিতর্কিত সভাপতি মোঃ রফিকুল ইসলাম রিপন সামগ্রিকভাবে মাদ্রাসা সুষ্ঠু উপায়ে পরিচালনা করার লক্ষ্যে মাদ্রাসার সুপার মোঃ আলতাফ হোসেনকে এবং সহকারী সুপার মোঃ আলমগীর হোসাইনকে সহযোগিতা করেন নাই।

উক্ত সভাপতি এই মাদ্রাসা স্বাভাবিক পরিচালনার ক্ষেত্রে তাহার দায়িত্ব মনযোগ দিয়া পালন করেন নাই। আর্থিক ও প্রশাসনিক ব্যবস্থাবলী তিনি নিয়মিত তদারকী করেন নাই।

শিক্ষার্থীদের লেখাপড়ার মান উন্নতকরণের জন্য উক্ত বিতর্কিত সভাপতি কার্যকর কোন প্রকার ভূমিকা রাখেন নাই।

নিয়মানুযায়ী সার্বিক শৃঙ্খলা বজায় রাখা এবং নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে তিনি উল্লেখযোগ্য কোন ব্যবস্থা নেন নাই।

এক কথায় বলা যায়, অত্র শিংড়াবুনিয়া উজির আলী দাখিল মাদ্রাসা নিয়মতান্ত্রিকভাবে পরিচালনার জন্য ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে যে ভূমিকা এবং পদক্ষেপ নেওয়া প্রয়োজন মোঃ রফিকুল ইসলাম রিপন সে ব্যাপারে সম্পূর্ণ ব্যর্থ।

তাহার আচার-আচরণে, কার্যকলাপে এবং ক্ষমতার অপব্যবহারে মাদ্রাসায় ভীতিকর পরিবেশ বিদ্যমান। অর্থাৎ মাদ্রাসায় পঠন-পাঠনের সুষ্ঠু পরিবেশ নাই।

স্থানীয় কোমলমতি শিক্ষার্থীদের ধর্মীয় শিক্ষা দানের উদ্দেশ্য নিয়া প্রতিষ্ঠিত এই মাদ্রাসাটির বর্তমান বিতর্কিত সভাপতি মোঃ রফিকুল ইসলাম রিপনের অগ্রহণযোগ্য কার্যকলাপে শিক্ষার ধারা ব্যাহত হইতেছে।

অতএব প্রার্থনা এই যে, মোঃ রফিকুল ইসলাম রিপনকে বিধিগত এবং সংগত কারনে অত্র শিংড়াবুনিয়া উজির আলী দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির বিতর্কিত সভাপতির পদ হইতে অপসারণের লক্ষ্যে তদন্তের ব্যবস্থা গ্রহণের জন্য আদেশ দানে বাধিত করিবেন।

বিনীত নিবেদক-
আপনার একান্ত বিশ্বস্ত,

মোশারেফ হোসেন

(মোঃ মোশারেফ হোসেন) ০৫/০৯/২০২১
সাং-শিংড়াবুনিয়
ডাকঘর-রূপধন
উপজেলা-পাথরঘাটা
জেলা-বরগুনা।
মোবাইল নং-০১৭০৭৫৩৯০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Government of the People's Republic of Bangladesh
জাতীয় পরিচয়পত্র / National ID Card



নাম
মোশারেফ হোসেন খান
Name
MOSAREF HOSSEN KHAN
পিতা
উজির আলী খাঁন
মাতা
জরিনা খাতুন
Date of Birth 01 Jun 1965
NID No. **373 419 7902**

ঠিকানা: গ্রাম/রাস্তা: শিংড়াবুনিয়া, বাইন চটকি,
ডাকঘর: রুপধন - ৮৭২১, পাথরঘাটা, বরগুনা

Blood Group Place of Birth: **BARGUNA**

Issue Date **16 Mar 2018**

I<BGD373419790<25<<<<<<<<<<<<<
6506010M3303159BGD<<<<<<<<<<<8
KHAN<<MOSAREF<HOSSEN<<<<<<<<<<